

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন এর
বর্ষবরণ ও অভিষেক অনুষ্ঠিত

১৪০১ Weekly Bangla Patrika Vol. 14 Issue 36 May 28 2010 Price \$ 1.00 USA

আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টস ট্রাইবেস্ট এন্ড প্রবাসে বর্ষবরণ ও অভিষেক অনুষ্ঠান গত ৮ মে শনিবার সন্ধ্যায় কুইন্সের উডসাইডের ঢাকা ক্লাবে অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন প্রধান প্রকৌশলী প্রবীণ ইঞ্জিনিয়ার মুহাম্মদ বজলুর রহমান। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন পাস্ট প্রেসিডেন্ট এনাম হক পি.ই। অভিষেক অনুষ্ঠানে ২০০৯-২০১০ সালের নব-নির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ পরিচালনা করেন সংগঠনের প্রাক্তন সভাপতি এবং সংগঠনের বোর্ড অব ট্রাস্টি এর চেয়ারপার্সন প্রবীণ ইঞ্জিনিয়ার আলি আশরাফ মাসুদ মিঞা, পি.ই। শপথ অনুষ্ঠান শেষে সংগঠনের সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান পি.ই সংগঠনের বিভিন্ন কার্যক্রমের উপর বক্তব্য রাখেন। সাধারণ

সম্পাদক তার বক্তব্যে প্রবাসী প্রকৌশলীদের সেবা প্রদান ছাড়াও এই সংগঠন বাংলাদেশে বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ২০০৮-২০০৯ সালের চার হাজার দুই শ নয় ডলার বৃত্তি প্রদান করেছে বলে তিনি উল্লেখ করেন।

সভাপতি ছদরুল হোসেন পি.ই উপস্থিত সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বর্ষবরণ সন্ধ্যায় তাদেরকে স্বাগত জানান। তিনি তার বক্তব্যে উল্লেখ করেন নতুন বছরের শুভাগমন বাঙ্গালী জীবনে নতুন আলোর সন্ধান এবং নতুন করে বাঁচার প্রেরণা দেয়। তিনি বলেন, প্রবাসে বাঙ্গালী সংস্কৃতি ও ঐতিহ্যকে সংরক্ষণের মাঝ দিয়ে নিজেদের পরিচিতিতে সূচিহিত করেই বিশ্ব সভায় মাথা উঁচু করে চলা সম্ভব।

প্রধান অতিথি প্রাক্তন প্রধান প্রকৌশলী মুহাম্মদ বজলুর রহমান তার বক্তব্যে উল্লেখ করেন যে, নবাগত প্রকৌশলীদের নিজ নিজ পেশায়

কর্মসংস্থানের সহায়তা করা ও তাদের পথ প্রদর্শক হিসেবে এই এসোসিয়েশনের ভূমিকা অপরিহার্য।

ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের নতুন কমিটি কর্মকর্তারা হলেন, ছদরুল হুসাইন পি.ই প্রেসিডেন্ট, মুহাম্মদ একরাম উল্লাহ পি.ই. প্রেসিডেন্ট-ই-লেফ্ট, মুহাম্মদ সিদ্দিকুর রহমান পি.ই সেক্রেটারী, মোহাম্মদ আসাদ হক পি.ই কোষাধ্যক্ষ, সামিউল হক সাংস্কৃতিক সম্পাদক, মোহাম্মদ আব্দুল হাই প্রচার সম্পাদক, নির্বাহী সদস্যরা হলেনঃ মোহাম্মদ রেজাউল হক পি.ই এবং কাজী মোস্তাক আহমেদ।

মিসেস রত্না, আল আমিন এবং অন্যান্য স্থানীয় শিল্পীদের সমন্বয়ে পরিবেশিত হয় মনোমুগ্ধকর সঙ্গীতানুষ্ঠান। সাংস্কৃতিক অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল শ্যামা কোরেশীর বাংলা নববর্ষ উপলক্ষে বিশেষ নৃত্য। অনুষ্ঠানের উপস্থাপনায় ছিলেন শাহনেওয়াজ রহিম, প্রকৌশলী সোহেলি নাসরিন মিয়া। প্রেস বিজ্ঞপ্তি।

আলাদীন

৩৬ এভিনিউ, এন্টোরিয়া

Tel# 718-784-2554

SOUTHERN
FOODS USA INC.

THE LARGEST SEA FOOD & COMMODITY
DISTRIBUTOR IN NORTH AMERICA

গোসারী মালিকগন
একটি ফোন কলের
মাধ্যমে সকল প্রকার
গোসারী পণ্য একই
স্থানে পেতে এখনই
যোগাযোগ করুন

36-33 22ND ST • ASTORIA • NY 11106 • 1-877-FOODNYC (366-3692)
Tel: (718) 383-7703 • E-Mail: info@southernfoodsusa.com • www.southernfoodsusa.com